বীজ প্রত্যয়ন এজেন্সীর ২০১৫-১৬ অর্থ বছরের গৃহীত কার্যক্রম ও উল্লেখযোগ্য সাফল্য সমূহ

বাংলাদেশের প্রথম জাতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার (১৯৭৩-৭৮) আওতায় রাষ্ট্রীয় পর্যায়ে বীজের মান নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৭৪ সালের ২২ জানুয়ারি বীজ অনুমোদন সংস্থা প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ২২ নভেম্বর ১৯৮৬ তারিখে "বীজ প্রত্যয়ন এজেন্সী'' নামকরণ করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে সরকারি ও বেসরকারি পর্যায়ে উৎপাদিত ও বাজারজাতকৃত নিয়ন্ত্রিত ফসলের (ধান, গম, পাট, আলু, আখ, মেস্তা ও কেনাফ) বীজের প্রত্যয়ন ও মান নিয়ন্ত্রণে সংস্থাটি গুরুতপূর্ণ ভূমিকা পালন করে আসছে। জাতীয় বীজনীতির আলোকে দেশে একটি শক্তিশালী বীজ শিল্প গড়ে তোলার নিমিত্তে এর প্রত্যয়ন সেবা ফসলের জাত পরীক্ষাপূর্বক ছাড়করণ/নিবন্ধন থেকে শুরু করে মাঠ পরিদর্শন ও প্রত্যয়ন, পরীক্ষাগারে ও কন্ট্রোল খামারে বীজের মান পরীক্ষা, প্রত্যয়ন ট্যাগ ইস্যুকরণ, মার্কেট মনিটরিং এবং বীজ আইন ও বিধিমালা লংঘনকারীদের বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণ পর্যন্ত সম্প্রসারিত। সংস্থাটির সকল কারিগরী কর্মকান্ড বীজ অধ্যাদেশ ১৯৭৭, জাতীয় বীজ নীতি ১৯৯৩, বীজ আইন (সংশোধন) ১৯৯৭, বীজ বিধিমালা ১৯৯৮, বীজ আইন (সংশোধন) ২০০৫ ও জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হয়ে থাকে। সরকার কর্তৃক সংস্থার অনুমোদিত নতুন জনবল কাঠামো অনুযায়ী মোট পদের সংখ্যা ৫৬৯। তার মধ্যে বিসিএস কৃষি ক্যাডারভূক্ত পদের সংখ্যা ২৫১। বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী দেশের ৭টি বিভাগে ৭টি আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিস ও বীজ পরীক্ষাগার এবং ৬৪টি জেলায় ৬৪টি জেলা বীজ প্রত্যয়ন অফিস অন্তর্ভূক্ত রয়েছে।

- **রূপকল্প (Vision) :** মানসম্পন্ন বীজের নিশ্চয়তা।
- **অভিলক্ষ্য (Mission):** উচ্চ গুণাগুণ সম্পন্ন ও প্রতিকূলতা সহিষ্ণু জাতের মানসম্পন্ন বীজ উৎপাদন ও বিতরণে উৎপাদনকারীদের প্রত্যয়ন সেবা প্রদান এবং মার্কেট মনিটরিং কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বীজের মান নিশ্চিতকরণ।

১) নতুন নিয়োগ:

২০১৫-১৬ অর্থবছরে নতুন নিয়োগ			মন্তব্য
কর্মকর্তা	কর্মচারী	মোট	
১	২	৩	৪
১২	৩১	৪৩	নতুন কর্মকর্তাবৃন্দ বিপিএসসি এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত

২) মানব সম্পদ উন্নয়ন:

২০১৫-১৬ অর্থবছরে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্য বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক ২৫ ব্যাচ স্থানীয় প্রশিক্ষণের আয়োজন করা হয় যার মাধ্যমে এ প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী এবং বীজ ডিলার/ কৃষকসহ মোট ৬৯০ জন বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ নিয়েছেন। একই অর্থবছরে ৩ টি বৈদেশিক প্রশিক্ষণে ৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। তাছাড়া রাজস্ব ও উন্নয়ন খাতসহ ৭ টি সেমিনারে কৃষক-কৃষাণিসহ সরকারি ও বেসরকারি সংস্থার মোট ৬৭০ জন অংশগ্রহণ করেন।

উল্লেখযোগ্য প্রশিক্ষণ ও প্রশিক্ষিত জনবল:

প্রশিক্ষণ কর্মসূচির সংখ্যা	প্রশিক্ষিত জনবলের সংখ্যা
মান সম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণ- ২ ব্যাচ	৬০ জন বীজ উৎপাদনকারী কৃষক
প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা- ২ ব্যাচ	এসসিএ- র ৪০ জন কর্মকর্তা ও কর্মচারী
সরকারি কর্মসম্পাদন- ১ ব্যাচ	এসসিএ- র ২৯ জন ১ম শ্রেণীর ও ১ জন ২য় শ্রেণীর কর্মকর্তা
বীজ মান নিশ্চিতকরণ- ১৪ ব্যাচ	এসসিএ- র ২৫ জন ১ম শ্রেণীর কর্মকর্তা, ডিএই- র ২৫ জন উপসহকারী কৃষি কর্মকর্তা এবং ৩৬০ জন বীজ উৎপাদনকারী কৃষক (আইএপিপি- এসসিএ অংগভুক্ত উপজেলা)
বীজ পরীক্ষা প্রযুক্তি- ১ ব্যাচ	এসসিএ- র ২৫ জন ১ম শ্রেণীর কর্মকর্তা
Government Performance Management- ২ ব্যাচ	এসসিএ- র ৬০ জন ১ম শ্রেণীর কর্মকর্তা
প্রশাসনিক ব্যবস্থাপনা- ২ ব্যাচ	এসসিএ- র ৫ জন ১ম শ্রেণীর কর্মকর্তা এবং ৪০ জন ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী
ওরিয়েন্টেশন ও বীজ মান নিয়ন্ত্রণ- ১ ব্যাচ	এসসিএ- র ২০ জন ১ম শ্রেণীর কর্মকর্তা
৮ টি বিষয়ের উপর মোট = ২৫ ব্যাচ	মোট = ৬৯০ জন

৩) জাত অবমুক্তকরণ/ নিবন্ধন

জাতীয় বীজ বোর্ড কর্তৃক ধান, আলু ও আখের ২১ টি ইনব্রিড জাতের অবমুক্তকরণ এবং২১ টি হাইব্রিড ধানের জাতের নিবন্ধন করা হয়। ধান, আলু, গম ও পাটের ১০০ টি জাতের (চেক জাতসহ) ডিইউএস টেস্ট এবং ১৫৯১ টি নমুনার প্রি-পোস্ট ও গ্রো-আউট টেস্ট সম্পন্ন করা হয়েছে।

<u>২০১৫-১৬ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক ছাড়কৃত নোটিফাইড ফসলের ইনব্রিড জাতের তালিকা</u>

ফসলের নাম	জাত	মৌসুম	বিশেষ বৈশিষ্ট্য	জীবনকাল (দিন)	ফলন (টন/হে.)	অনুমোদনের তারিখ
ধান (ইনব্রিড)	১) ব্রি ধান ৭০ (BR7357-11-2-4-1-1)	আমন	চিকন ও সুগন্ধী।	১৩০	৪.৮-৫.০	NSB (৮৫ তম সভা) ১২.৭.২০১৫
	২) ব্রি ধান ৭১ (1R82589-B-B-84-3)	আমন	খরা সহনশীল জাত।	১১৪ ১১৭	৫-৬	NSB (৮৫ তম সভা) ১২.৭.২০১৫
	৩) ব্রি ধান ৭২ (BR7528-2R-19-HR10)	আমন	প্রোটন ও জিংক সমৃদ্ধ।	১২৫ ১৩০	৫.৭	NSB (৮৫ তম সভা) ১২.৭.২০১৫
	৪) ব্রি ধান ৭৩ (IR78761-B-SATBI-28-3-24)	আমন	লবনাক্ততা সহনশীল।	১২০ ১২৫	৪.৫	NSB (৮৫ তম সভা) ১২.৭.২০১৫
	৫) বিনা ধান-১৭ (SAGC-7)	আমন	আলোক সংবেদনশীল জাত আমন ও বোরো উভয় মৌসুমে বপন করা যায়।	১১২ ১২৮	৬.৬	NSB (৮৫ তম সভা) ১২.৭.২০১৫
	৬) ব্রি ধান ৭৪ (BR-7671-37-2-2-3-7)	বোরো	জিংক সমৃদ্ধ ও নেকব্লাস্ট সহনশীল	১৪৭	৭.১-৮.৩	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৭) বিনা ধান-১৮ (RM-(2)-40(C)-1-1-10)	বোরো	ব্রিধান-২৯ এর চেয়ে জীবনকাল ১৩-১৫ দিন কম।	১৪৮ ১৫৩	৭.২৫-১০.০	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৮) ব্রি ধান ৭৫ (HUA-565)	আমন	স্বল্প জীবনকাল, রান্নার সময় সামান্য সুগন্ধ আছে।	১১৭	৫.২৩	NSB (৮৯ তম সভা) ২৯.৫.২০১৬
	৯) ব্রি ধান ৭৬ (BR-7941-41-2-2-4)	আমন	জোয়ার ভাটা অঞ্চলের উপযোগী।	১৬৩	৫.০	NSB (৮৯ তম সভা) ২৯.৫.২০১৬
	১০) ব্রি ধান ৭৭ (BR-7941-116-1-2-1)	আমন	জোয়ার ভাটা অঞ্চলের উপযোগী।	১৫৪	৫.০২	NSB (৮৯ তম সভা) ২৯.৫.২০১৬

ফসলের নাম	জাত	মৌসুম	বিশেষ বৈশিষ্ট্য	জীবনকাল (দিন)	ফলন (টন/হে.)	অনুমোদনের তারিখ
আলু	১) বারি আলু ৬২ (৯.১১২)	রবি	সংরক্ষণ ক্ষমতা ও সুপ্ততা বেশি, স্প্রাউটিং ধীরে হয়, রপ্তানিযোগ্য।	৯০-৯৫	৪৩.৬	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	২) বারি আলু ৬৩ (৯.১২৫)	রবি	প্রক্রিয়াজাতকরণ হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৪২.৯	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৩) বারি আলু ৬৪ (Folva)	রবি	খাবার আলু হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৩৭.২	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৪) বারি আলু ৬৫ (Rosagold)	রবি	খাবার আলু হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৩২.৭	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৫) বারি আলু ৬৬ (Pamela)	রবি	খাবার আলু হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৩৬.৯	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৬) বারি আলু ৬৭ (Gorgina)	রবি	খাবার আলু হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৩৭.০	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৭) বারি আলু ৬৮ (Atlantic)	রবি	প্রক্রিয়াজাতকরণ হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৩৩.৫	NSB (৮৭ তম সভা) ২০.১২.২০১৫
	৮) বারি আলু ৬৯ (Flamenco)	রবি	খাবার আলু হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৩৮.৭	NSB (৮৮ তম সভা) ২৩.২.২০১৬
	৯)বারি আলু ৭০ (Destiny)	রবি	প্রক্রিয়াজাতকরণ হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	৩১.৯	NSB (৮৮ তম সভা) ২৩.২.২০১৬
	১০)বারি আলু ৭১ (Dolly)	রবি	প্রক্রিয়াজাতকরণ হিসেবে উপযুক্ত।	৯০-৯৫	২৯.৪	NSB (৮৮ তম সভা) ২৩.২.২০১৬
আখ	BSRI আখ-৪৫ (১৫৭-০৭)	-	খরা, বন্যা, লবনাক্ততা, জলাদ্ধতা সহিষ্ণু এবং লালপচা ও স্মার্ট রোগ প্রতিরোধী।	২৭৭-২৮৮	১২৯.৪৪	NSB (৮৯ তম সভা) ২৯.৫.২০১৬

২০১৫-১৬ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধিত হাইব্রিড ধানের জাতের তালিকা

ক্র: নং	জাতের নাম	উৎস	উদ্ভাবনকারী/ আমদানিকারক	নিবন্ধনের অঞ্চল	মৌসুম	জীবনকাল (দিন)	ফলন (টন/হে.)	নিবন্ধনের তারিখ
১	বিএডিসি হাইব্রিড ধান-৩ (WIN-302)	চায়না	বিএডিসি	রাজশাহী ও চট্টগ্রাম	বোরো	১৩৮-১৫৩	৭.৬	৮৬ তম সভা ১৭/৯/১৫
২	বিএডিসি হাইব্রিড ধান-৪ (MJ0031)	নিজস্ব	বিএডিসি	সমগ্র বাংলাদেশ	বোরো	১৪৪-১৬১	৭.৫	৮৬ তম সভা ১৭/৯/১৫
৩	বিএডিসি হাইব্রিড ধান-৩ (MJ0033)	নিজস্ব	বিএডিসি	ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম	বোরো	১৩৫-১৬৫	৭.৪	৮৬ তম সভা ১৭/৯/১৫
৪	গেটকো এগ্রোভিশন হাইব্রিড ধান-৫ (MIIV-7)	নিজস্ব	গেটকো এগ্রোভিশন লিঃ	ঢাকা, চট্টগ্রাম	বোরো	১৩৭-১৫৬	৮.১	৮৬ তম সভা ১৭/৯/১৫
৫	জায়েন্ট এগ্রো প্রসেসিং হাইব্রিড ধান-১ (জিএএইচ-১২২)	চায়না	জায়েন্ট এগ্রো প্রসেসিং লিঃ	ময়মনসিংহ, রাজশাহী ও চট্টগ্রাম	বোরো	১৩৮-১৫৭	৭.৬	৮৬ তম সভা ১৭/৯/১৫